

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.৭৫

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-১১৭২৫/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব জাকিয়া সুলতানা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ এর স্থায়ী পদের বিপরীতে একজন প্রভাষক। পরিচালক, আই.ই.আর, ঢাকা দপ্তরের নিয়োগপত্রের স্মারক নং- আই.ই.আর/২৭১৩১/২০০৫ খ্রি. তাং-০৬/০৮/২০০৫ খ্রি.মাধ্যমে ০৭/০৮/২০০৫ তারিখে যোগদান করেন। বিগত ২০১০-২০১১ শিক্ষাবর্ষে ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত অনিয়মের অভিযোগে প্রভাষক জনাব জনাব জাকিয়া সুলতানা-কে অধ্যক্ষ স্কুলে আসা থেকে বিরত থাকতে বলে।

তিনি ২০/০৩/২০১০ তারিখ থেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন। বর্তমানে তাঁর বেতন বন্ধ রয়েছে। প্রভাষক জনাব জাকিয়া সুলতানা কাজে যোগদান করতে ইচ্ছুক। যোগদানপত্র সদয় গ্রহণ এবং পাঠদান কার্যক্রমে অংশ নেওয়ার সদয় অনুমতি প্রদানের জন্য পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর) ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা বরাবর ১১.১০.২০২১ তারিখে আবেদন করেন।

প্রভাষক জনাব জাকিয়া সুলতানা এর আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৭২৫/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০৯.০১.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is hereby directed to dispose of the representations filed by the petitioner dated 11.10.2021 (as contained in Annexure- “B-4”) in accordance with law, within a period of 04 (four) weeks from the date of receipt of the copy of this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১১৭২৫/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১১.১০.২০২১ তারিখের আবেদনটি (as contained in Annexure- “B-4”) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

পরিচালক,


শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর) ঢাকা  
বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.৭৫/১

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮  
২২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব